গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
সালিশী শাখা

## শ্রম অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | গৌতম কুমার<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ৩০/৯/২০২১খ্রি: |
| সভার সময় | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | শ্রম অধিদপ্তরের সভাকক্ষ |
| উপস্থিতি | নৈতিকতা কমিটির সদস্যগণ (কপি সংযুক্ত) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ শুরু করেন। জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য সচিব সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর,২০২১) প্রাপ্ত তথ্যাদি সম্বলিত খসড়া প্রতিবেদন উপস্থাপন করেন। তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, ১ম কোয়র্টারের বেশির ভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। যে সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা যথাসম্ভব অর্জনের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকার আলোকে প্রণীত ২০২১-২২ এর কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা যথাযথভাবে অর্জনের উপর বিশেষ গুরুত্বরোপ করা হয়। এছাড়া ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। খসড়া প্রতিবেদনের বিভিন্ন কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম। | ক) কর্ম-পরিবেশ উন্নয়ন(স্বাস্থ্যবিধি অনুসরণ) সংক্রান্ত কার্যক্রম প্রসঙ্গে কোভিড-১৯ সংক্রমন পরিস্থিতিতে শ্রম অধিদপ্তর ও এর অধীনস্থ দপ্তরসমূহের সকল কর্মকর্তা ও কর্মচারীকে হ্যান্ডসেনিটাইজার, মাস্ক, হ্যান্ডগেলাভস ইত্যাদি স্বাস্থ্য সুরক্ষা উপকরণ নিয়মিতভাবে ব্যবহার করার জন্য গত ০৭/৯/২০২১খ্রি: তারিখে একটি পত্র জারী করা হয়েছে।<br><br>খ) সেবা প্রাপ্তির ক্ষেত্রের আভ্যন্তরীন ও প্রাতিষ্ঠানিক সেবা গ্রহীতাদের সরকারের ঘোষিত “No mask No service" নীতি অনুসরণপূর্বক বাস্তবায়ন করা হয়েছে।<br>গ) কর্ম-পরিবেশ উন্নয়ন(পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি) প্রসঙ্গে শ্রম অধিদপ্তরের সকল শাখা এবং করিডর অধিকতর পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য ৩০/৯/২০২১ তারিখে বিশেষ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। | এ সংক্রান্ত প্রমানক যথাসময়ে অত্র দপ্তরে দাখিল করতে হবে। | পরিচালক(প্রশাসন, হিসাব ও সাধারণ) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা । |
| ২. | ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ। | (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ (চুড়ান্ত) প্রস্তুত করে গত ১৩/৬/২০২১ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং শ্রম অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br>(খ) কমিটির সদস্যদের সম্মতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর প্রতিবেদন অনুমোদনক্রমে গত ০৪/১০/২০২১খ্রি: তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ ও শ্রম অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | এ সংক্রান্ত প্রমানক যথাসময়ে অত্র দপ্তরে দাখিল করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও আইসিটি), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | ১.৭ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | শ্রম অধিদপ্তরের আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর গত ২০/৬/২০২১ তারিখে ফিডব্যাক সভা করা হয়েছে। | এ সংক্রান্ত প্রমানক যথাসময়ে অত্র দপ্তরে দাখিল করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিচালক (ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষন), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ৪. | ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ( প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা সহ) ওয়েবসাইটে প্রকাশ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) শ্রম অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | এ সংক্রান্ত প্রমানক যথাসময়ে অত্র দপ্তরে দাখিল করতে হবে। | পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারন) এবং পরিচালক(পরিকল্পনা, পরিসংখ্যান ও আইসিটি) শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ৫. | ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর,২০২১) এর লক্ষ্যমাত্রা অনুযায়ীপ্রকল্পের PSC ২টি সভা আয়োজন করা সম্ভব হয়েছে আর বাকী ০৪টি সভা চলমান কোভিড-১৯ (লকডাউন) এর কারণে করা সম্ভব হয়নি। ২য় কোয়ার্টারের টার্গেট অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য পরিচালক(পরিকল্পনা, পরিসংখ্যান ও আইসিটি), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা'কে অনুরোধ করা হ'ল। | আয়োজিত ০২টি সভার প্রমানক যথাসময়ে অত্র দপ্তরে দাখিল করতে হবে এবং ২য় কোয়ার্টারের টার্গেট অনুযাযী কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও আইসিটি), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ৬. | ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী ১ম কোয়ার্টার(জুলাই-সেপ্টেম্বর,২০২১) এর বার্ষিক উন্নয়ন কর্মসূচী ১০%বাস্তবায়ন করতঃ প্রতিবেদন দাখিল করতে হবে। | এ সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে অত্র দপ্তরে দাখিল করতে হবে। | পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও আইসিটি), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |

পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



গৌতম কুমার
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৫.১৬.০০৩.২১.৫৩৪

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮
০৭ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'লঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব (সমন্বয় ও আদালত), সমন্বয় ও আদালত অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর

৩) উপসচিব, সমন্বয় শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৪) পরিচালক, প্রশাসন, হিসাব ও সাধারন / ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষন / পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি / মেডিকেল, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।

৫) উপ-পরিচালক, উপ-পরিচালক (প্রশাসন), শ্রম অধিদপ্তর

৬) উপপরিচালক (চলতি দায়িত্ব), উপ-পরিচালক (ট্রেড ইউনিয়ন), শ্রম অধিদপ্তর

৭) সহকারী পরিচালক, সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর

৮) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের ওয়েবসাইট ও শুদ্ধাচার সেবাবক্সে

প্রকাশের অনুরোধসহ)

মোঃ বেল্লাল হোসেন শেখ
পরিচালক (প্রশাসন)